গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
প্রশাসন-২ শাখা
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

ডিপার্টমেন্ট অফ টেলিকমিউনিকেশন্স

**নম্বর:** ১৪.৩০.০০০০.২১৩.১৮.০০১.২৩.১২৬

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ পিটিডি'র স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.০০৯.১৮.০০১.১৮.১৪৮৪ তারিখ: ১৫ এপ্রিল ২০২৪।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্র মোতাবেক 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ন্যাশনাল একাডেমী ফর অ্যাডভান্সড টেলিকমিউনিকেশন্স রির্সাচ এন্ড ট্রেনিং এবং টেলিকম টেস্টিং সেন্টার স্থাপনসহ অন্যান্য কাজে' তেজগাঁও শিল্প এলাকার প্লট নং ৪২৩-৪২৮ এ অবস্থিত ৫.৬৬ একর জমি স্থাপনাসহ টেলিযোগাযোগ অধিদপ্তরের অনুকূলে বরাদ্দের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। টেলিযোগাযোগ অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ প্রাপ্তির প্রেক্ষিতে পরবর্তী কার্যক্রম নির্ধারণের নিমিত্ত গত ২৯ এপ্রিল ২০২৪ তারিখে টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা অফিসে বিটিসিএল-এর সাথে এক সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: ২ প্রস্থ সংযুক্ত।



৩০-০৫-২০২৪
মোঃ সাহাব উদ্দিন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
+৮৮০-২-৯৮৩০৯১১ (ফোন)
+৮৮০-২-৯৮৩০৯৮০ (ফ্যাক্স)
dg@telecomdept.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;
২। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ম্যানেজিং ডিরেক্টর এর দপ্তর, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল);
৩। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, টেলিটক বাংলাদেশ লিমিটেড;
৪। অতিরিক্ত মহাপরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।;
৫। প্রকল্প পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।;
৬। পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।;
৭। উপপরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।;
৮। সিনিয়র সহকারি পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।;
৯। সহকারি পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। এবং
১০। অফিস কপি, ,।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) DOT Meeting Minutes on 29 April 2024 meeting On Land handover 1to5

(२) IMG_20240530_0002(0)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**টেলিযোগাযোগ অধিদপ্তর**
**প্রশাসন অধিশাখা**
**৪২৩-৪২৮ তেজগাঁও শিল্পাঞ্চল, ঢাকা।**
**www.telecomdept.gov.bd**

**তেজগাঁও শিল্প এলাকার প্লট নং ৪২৩-৪২৮ এ অবস্থিত ৫.৬৬ একর জমি স্থাপনাসহ টেলিযোগাযোগ অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ দেওয়ার প্রেক্ষিতে কার্যক্রম নির্ধারণের নিমিত্ত বিটিসিএল-এর সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

**সভাপতি :** মোঃ সাহাব উদ্দিন
মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
**তারিখ :** ২৯ এপ্রিল ২০২৪;
**সময় :** বেলা ১১:০০ ঘটিকা;
**স্থান :** মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তরের অফিসকক্ষ;

**উপস্থিতি :** পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্মারক নং- ১৪.০০:০০০০.০০৯.১৮.০০১.১৮.১৪৮৪; তারিখ: ১৫ এপ্রিল ২০২৪ এর মাধ্যমে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ন্যাশনাল একাডেমি ফর অ্যাডভান্সড টেলিকমিউনিকেশন্স রিসার্চ এন্ড ট্রেনিং এবং টেলিকম টেস্টিং সেন্টার স্থাপনসহ অন্যান্য কাজে তেজগাঁও শিল্প এলাকার প্লট নং ৪২৩-৪২৮ এ অবস্থিত ৫.৬৬ একর জমি স্থাপনাসহ টেলিযোগাযোগ অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ দেওয়া হয়। সভাপতি উল্লেখ করেন যে, ইতঃপূর্বে গত ২৯ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত বিটিসিএল পরিচালনা পর্ষদের ২১৪তম সভায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগে গত ৩১ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অগ্রগতি পর্যালোচনা সভার ১৭.২ নং সিদ্ধান্ত ও টেলিযোগাযোগ অধিদপ্তরের চাহিদার প্রেক্ষিতে সরকারি কাজের স্বার্থে বিটিসিএল এর দখলে থাকা ৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকার ৫.৬৬ একর জমি স্থাপনাসহ টেলিযোগাযোগ অধিদপ্তরকে ন্যাশনাল টেলিকম একাডেমি ও টেস্টিং সেন্টার স্থাপনসহ অন্যান্য কাজে ব্যবহারের অনুমোদন প্রদান করা হয়। এ প্রেক্ষাপটে বর্ণিত জমি ও স্থাপনাসমূহ বিটিসিএল হতে টেলিযোগাযোগ অধিদপ্তরের নিকট হস্তান্তরের প্রক্রিয়া শুরু ও করণীয় নির্ধারণে এ সভা আহ্বান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতির অনুমতিক্রমে প্রশাসন অনুবিভাগ সভার কার্যপত্র ও আলোচ্যসূচি উপস্থাপন করেন।

২। আলোচনা ও সিদ্ধান্ত

কার্যপত্র (পরিশিষ্ট-খ) অনুযায়ী সভার আলোচ্য, আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ-

| ক্রমিক | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | গেট ও স্থাপনার নিরাপত্তা<br><br>(ক) অধিদপ্তরের অধীনে আনসার মোতায়েন;<br>(খ) আনসার ক্যাম্পের জন্য স্থান নির্ধারণ;<br>(গ) অস্ত্র ও অন্যান্য সামগ্রী রাখার স্থান নির্ধারণ;<br>(ঘ) নিরাপত্তার জন্য করণীয় বিষয়ে অধিদপ্তর হতে স্থায়ী আদেশ জারী; | টেলিযোগাযোগ অধিদপ্তর হতে ইতোমধ্যে আনসার নিয়োগের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। টেলিযোগাযোগ অধিদপ্তরের অধীনে আনসার মোতায়েন করা হলে বিটিসিএল তৎকর্তৃক নিয়োগকৃত আনসার প্রত্যাহার করতে পারে মর্মে বিটিসিএল-এর পক্ষ হতে জানানো হয়। কম্পাউন্ডের বর্তমান আনসার | ১.১ টেলিযোগাযোগ অধিদপ্তরের অধীনে ০১ মে ২০২৪ হতেআনসার মোতায়েন করা হবে;<br><br>১.২ কম্পাউন্ডের বর্তমান আনসার ক্যাম্পেই অধিদপ্তর কর্তৃক মোতায়েনকৃত আনসারগণ অবস্থান করবেন এবং অস্ত্র ও অন্যান্য সামগ্রী রাখবেন;<br>১.৩ অধিদপ্তরের নিরাপত্তা সংক্রান্ত স্থায়ী আদেশ এবং বাউন্ডারি ওয়াল মেরামত ও সংলগ্ন অবৈধ স্থাপনার বিষয়ে অধিদপ্তর |

| ক্রমিক | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | (ঙ) কম্পাউন্ডের বাউন্ডারি ওয়াল মেরামত ও সংলগ্ন কোন অবৈধ স্থাপনা থাকলে তা উচ্ছেদ; | ক্যাম্পেই অধিদপ্তর কর্তৃক মোতায়েনকৃত আনসারগণ অবস্থান করবেন এবং অস্ত্র ও অন্যান্য সামগ্রী রাখতে পারেন মর্মে সভায় মতপ্রকাশ করা হয়। অধিদপ্তরের নিরাপত্তা সংক্রান্ত স্থায়ী আদেশ এবং বাউন্ডারি ওয়াল মেরামত ও সংলগ্ন অবৈধ স্থাপনার বিষয়ে অধিদপ্তর নিজস্ব আনসার মোতায়েনের পর ব্যবস্থা গ্রহণ করতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | নিজস্ব আনসার মোতায়েনের পর ব্যবস্থা গ্রহণ করবে; |
| ২ | কম্পাউন্ড ও স্থাপনাসমূহে (স্থায়ী/অস্থায়ী আবাসনসহ) সংযোগকৃত ইউটিলিটিসমূহ (বিদ্যুৎ, গ্যাস, পানি ইত্যাদি) টেলিযোগাযোগ অধিদপ্তরের নামে পরিবর্তন; | বর্তমানে বিটিসিএল, টেলিযোগাযোগ অধিদপ্তর ও বিভিন্ন ভাড়া প্রদানকৃত সংস্থা নিজ নিজ ইউটিলিটিসমূহের বিল নিজেরা পরিশোধ করে থাকেন। তবে মূল লাইনসমূহ বিটিসিএল-এর নামে হওয়ায় সেগুলো অধিদপ্তরের নামে পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | ২.১ হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হবার পূর্ব পর্যন্ত কম্পাউন্ড ও স্থাপনাসমূহে (স্থায়ী/অস্থায়ী আবাসনসহ) সংযোগকৃত ইউটিলিটিসমূহের (বিদ্যুৎ, গ্যাস, পানি ইত্যাদি) বিল পরিশোধের বর্তমান ব্যবস্থা বহাল থাকবে;<br><br>২.২ পর্যায়ক্রমে সকল ইউটিলিটির বিল টেলিযোগাযোগ অধিদপ্তরের নিজ নামে পরিশোধের নিমিত্ত ইউটিলিটি সংযোগসমূহ অধিদপ্তরের নামে পরিবর্তনের ক্ষেত্রে বিটিসিএল সংশ্লিষ্ট দলিলাদিসহ প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে; |
| ৩ | সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স প্রদানের ক্ষেত্রে পরিবর্তিত নামে ট্যাক্স প্রদান; | টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক হোল্ডিং ট্যাক্স পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় একমত প্রকাশ করা হয়। | ৩.১ টেলিযোগাযোগ অধিদপ্তরের নামে হোল্ডিং ট্যাক্স পরিশোধের নিমিত্ত বিটিসিএল সংশ্লিষ্ট দলিলাদিসহ প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে; |
| ৪ | ভূমি উন্নয়ন কর/খাজনা টেলিযোগাযোগ অধিদপ্তরের নামে পরিশোধের ব্যবস্থা গ্রহণ; | টেলিযোগাযোগ অধিদপ্তরের নামে ভূমি উন্নয়ন কর/খাজনা পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। অধিদপ্তরের অনুকূলে বরাদ্দকৃত জমি বিটিসিএল-এর অনুকূলে নামজারি বিষয়ে একটি মামলা আদালতে চলমান রয়েছে মর্মে সভায় উত্থাপন করা হয়। | ৪.১ টেলিযোগাযোগ অধিদপ্তর ভূমি উন্নয়ন কর/খাজনা পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;<br><br>৪.২ অধিদপ্তরের অনুকূলে বরাদ্দকৃত জমি বিটিসিএল-এর অনুকূলে নামজারি সংক্রান্ত মামলা প্রত্যাহারের বিষয়ে বিটিসিএল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; |
| ৫ | বরাদ্দকৃত জমিতে বিদ্যমান স্থাপনা, গাছ ও অন্যান্য সামগ্রীর তালিকা প্রস্তুতকরণ (সম্পূর্ণ এলাকা, স্থাপনা ও | বরাদ্দকৃত জমিতে বিদ্যমান স্থাপনা,গাছ ও অন্যান্য সামগ্রীর তালিকা প্রস্তুতের প্রয়োজনীয়তার বিষয়ে সভায় | ৫.১ বরাদ্দকৃত কম্পাউন্ডের সকল গাছ, স্থাপনা ও অন্যান্য সামগ্রীর তালিকা প্রস্তুতের জন্য কমিটি গঠনের নিমিত্ত |

| ক্রমিক | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | দাপ্তরিক কক্ষসমূহের ভিডিও সংরক্ষণসহ); | একমত পোষণ করা হয়। টেলিযোগাযোগ অধিদপ্তর ও বিটিসিএল-এর প্রতিনিধি সমন্বয়ে একটি যৌথ কমিটির মাধ্যমে বর্ণিত তালিকা প্রণয়ন এবং প্রমাণাদি সংরক্ষণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | বিটিসিএল পাঁচ কর্মদিবসের মধ্যে তিনজন সদস্যের নাম প্রস্তাব করবে;<br><br>৫.২ কমিটি ১৫ কার্যদিবসের মধ্যে কম্পাউন্ডের সকল স্থাপনা, গাছ ও অন্যান্য সামগ্রীর তালিকাসহ ভিডিও প্রমাণ এবং বিটিসিএল এর নিকট সংরক্ষিত সংশ্লিষ্ট দালিলাদি টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক এর নিকট দাখিল করবেন; |
| ৬ | বিটিসিএল কর্তৃক ইতঃপূর্বে স্থাপনা, কক্ষ বা ভূমি ব্যবহারের জন্য অন্যকোন প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয়ে থাকলে সে বিষয়ে তথ্য এবং করণীয় বিষয়ে আলোচনা; | বিটিসিএল-এর পক্ষ হতে জানানো হয় যে, বর্তমানে এনএসআই ও টেলিটককে বিভিন্ন প্রয়োজনে ভাড়া দেওয়া আছে। অপরদিকে পরিচালক (প্রশাসন) জানান গত আগস্ট ২০২৩-এ বিটিসিএল পরিচালনা পর্ষদের অনুমোদন এবং এনএসআই-এর পত্রের প্রেক্ষিতে টেলিযোগাযোগ অধিদপ্তর হতেও এনএসআই কে প্রয়োজনীয় ভাড়া পরিশোধসাপেক্ষে ব্যবহারের জন্য অনুমতি দেওয়া হয়েছে। বিটিসিএল-এর পরিচালনা পর্ষদের অনুমোদন এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের বরাদ্দের প্রেক্ষিতে টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক ভাড়া আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান যুক্তিযুক্ত মর্মে সভায় মতপ্রকাশ করা হয়। | ৬.১ এনএসআই হতে প্রাপ্য ভাড়া টেলিযোগাযোগ অধিদপ্তর আদায় করবে এবং এনএসআই নিয়মানুযায়ী ইউটিলিটি বিল পরিশোধ করবে;<br><br>৬.২ টেলিটক হতে ভাড়া আদায়ের জন্য টেলিযোগাযোগ অধিদপ্তর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। বিটিসিএল সংশ্লিষ্ট তথ্য ও দলিলাদি অধিদপ্তরকে সরবরাহ করবে; |
| ৭ | বিটিসিএল কর্তৃক আবাসন ও অন্যান্য স্থাপনার ভাড়া আদায়ের ক্ষেত্রে অধিদপ্তরের দায় নির্ধারণ এবং বকেয়া পাওনার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ; | গত ৩১ জুলাই ২০২৩ তারিখের বিটিসিএল পরিচালনা পর্ষদের অনুমোদনের পূর্ব পর্যন্ত বিটিসিএল এর আবাসন ও অন্যান্য স্থাপনার বকেয়া বিটিসিএল কর্তৃক আদায়যোগ্য মর্মে সভায় আলোচনা হয়। এ বিষয়ে করণীয় বিষয়ে সুস্পষ্ট তথ্য/প্রমাণের ভিত্তিতে পরবর্তীতে পৃথক সভার মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া যেতে পারে মর্মে সভায় মতপ্রকাশ করা হয়। | ৭.১ গত ৩১ জুলাই ২০২৩ তারিখের বিটিসিএল পরিচালনা পর্ষদের অনুমোদনের পূর্ব পর্যন্ত বিটিসিএল এর আবাসন ও অন্যান্য স্থাপনার বকেয়া বিটিসিএল কর্তৃক আদায়যোগ্য হবে;<br><br>৭.২ আবাসন ও অন্যান্য স্থাপনার বকেয়ার বিষয়ে বিটিসিএল সংশ্লিষ্ট তথ্য ও দলিলাদি অধিদপ্তরকে প্রদান করবে। |

| ক্রমিক | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৮ | হোস্টেল বিল্ডিংসহ সকল আবাসন ও স্থাপনায় অবস্থানের জন্য বিটিসিএল-এর অনুমোদনের তালিকা; | পর্যায়ক্রমে সুষ্ঠুভাবে হস্তান্তর সম্পন্নের লক্ষ্যে হোস্টেল বিল্ডিংসহ সকল আবাসন ও স্থাপনায় অবস্থানের জন্য অনুমোদনের পত্র এবং বরাদ্দপ্রাপ্তদের নামের তালিকা টেলিযোগাযোগ অধিদপ্তরের নিকট থাকা প্রয়োজন মর্মে সভায় মতপ্রকাশ করা হয়। | ৮.১ বিটিসিএল হোস্টেল বিল্ডিংসহ সকল আবাসন ও স্থাপনায় অবস্থানের জন্য অনুমোদনের পত্র এবং বরাদ্দপ্রাপ্তদের নামের তালিকা টেলিযোগাযোগ অধিদপ্তরকে আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণ করবে;<br><br>৮.২ আলোচ্য ৫-এর সিদ্ধান্ত অনুযায়ী গঠিত কমিটি সংশ্লিষ্ট তথ্য সরেজমিনে যাচাইপূর্বক প্রতিবেদন প্রদান করবে; |
| ৯ | স্থাপনা, ভূমি ও ইউটিলিটি ব্যবহারের জন্য ইতঃপূর্বে টেলিযোগাযোগ অধিদপ্তরের সাথে বিটিসিএল'র সম্পাদিত চুক্তির ভবিষ্যৎ নির্ধারণ; | টেলিযোগাযোগ অধিদপ্তরের অনুকূলে জমি ও স্থাপনা ব্যবহারের জন্য বিটিসিএল পরিচালনা পর্ষদের অনুমোদনের প্রেক্ষিতে চুক্তির কার্যকারিতা রহিত হয়েছে মর্মে সভায় মতপ্রকাশ করা হয়। | ৯.১ টেলিযোগাযোগ অধিদপ্তরের ভবন ভাড়া সংক্রান্ত চুক্তির কার্যকারিতা না থাকার প্রেক্ষিতে অধিদপ্তর বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; |
| ১০ | টিটিসি এর কার্যক্রম পরিচালনার জন্য বিটিসিএল এর প্রয়োজনীয় ভূমি, স্থাপনা, আবাসন, ইউটিলিটি ও অন্যান্য সুযোগ সুবিধার প্রয়োজনীয়তা এবং এ বিষয়ে রোডম্যাপসহ চুক্তি স্বাক্ষর; | অন্তর্বর্তী সময়ে টিটিসির কার্যক্রম পরিচালনার জন্য ভূমি, স্থাপনা, আবাসন, ইউটিলিটি ও অন্যান্য সুযোগ সুবিধার প্রয়োজনীয়তা নির্ধারণপূর্বক বিটিসিএল রোডম্যাপ প্রস্তাব করতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | ১০.১ অন্তর্বর্তী সময়ে টিটিসির কার্যক্রম পরিচালনার জন্য ভূমি, স্থাপনা, আবাসন, ইউটিলিটি ও অন্যান্য সুযোগ সুবিধার প্রয়োজনীয়তা নির্ধারণপূর্বক বিটিসিএল আগামী ১৫ কর্মদিবসের মধ্যে রোডম্যাপ প্রস্তাব করবে; |
| ১১ | ভূমি বরাদ্দের আদেশে যে সকল প্রকল্পের উল্লেখ রয়েছে সে প্রকল্পসমূহের অবকাঠামো উন্নয়ন কাজ শুরুর প্রেক্ষিতে বিটিসিএল-এর টিটিসি'র কার্যক্রম স্থানান্তরের রোডম্যাপ প্রণয়ন; | সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পের প্রয়োজনে অবকাঠামো উন্নয়নের জন্য বিদ্যমান অবকাঠামোর মেরামত, অপসারণ বা অন্য কোন রূপ পরিবর্তন করর প্রয়োজন হতে পারে, সেহেতু এখনই একটি রোডম্যাপ প্রণয়ন করা প্রয়োজন। | ১১.১ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক রোডম্যাপ প্রণয়নপূর্বক দাখিল করবেন এবং সে অনুযায়ী প্রয়োজনীয় সমন্বয়পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে; |
| ১২ | বরাদ্দকৃত ভূমি ও স্থাপনা রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে অধিদপ্তর ও বিটিসিএল-এর করণীয় নির্ধারণ; | অন্তর্বর্তীকালীন সময়ে বিটিসিএল এবং টেলিযোগাযোগ অধিদপ্তর তার ব্যবহৃত অংশের রক্ষণাবেক্ষণ করবে বলে অধিকাংশ সদস্য মতপ্রকাশ করেন। | ১২.১ চূড়ান্ত হস্তান্তরের পূর্বে অন্তর্বর্তীকালীন সময়ে বিটিসিএল এবং টেলিযোগাযোগ অধিদপ্তর নিজ নিজ ব্যবহৃত অংশের রক্ষণাবেক্ষণ করবে; |
| ১৩ | কম্পাউন্ডে অবস্থিত বিটিসিএল'র অন্যান্য অস্থাবর সম্পদ বিষয়ে করণীয় নির্ধারণ; | বিটিসিএল-এর পক্ষ হতে এ বিষয়ে পরবর্তীতে বিশদ তথ্যসহকারে আলোচনার প্রস্তাব করা হয়। | ১৩.১ কম্পাউন্ডে অবস্থিত বিটিসিএল'র অস্থাবর সম্পদের বিষয়ে বিশদ তথ্যসহকারে আলোচনার জন্য পরবর্তীতে সভা আহ্বান করা হবে; |

| ক্রমিক | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১৪ | ফোকাল পয়েন্ট নির্ধারণ; | সুষ্ঠুভাবে বিটিসিএল ও টেলিযোগাযোগ অধিদপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য টেলিযোগাযোগ অধিদপ্তর ও বিটিসিএল-এর ফোকাল পয়েন্ট নির্ধারণ করা প্রয়োজন মর্মে সভায় একমত পোষণ করা হয়। | ১৪.১ টেলিযোগাযোগ অধিদপ্তরের পক্ষে উপপরিচালক (প্রশাসন) এবং বিটিসিএল এর পক্ষে ডিজিএম, টিটিসি, তেজগাও, ঢাকা ফোকাল পয়েন্টের দায়িত্ব পালন করবেন। |

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি  সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সাহাব উদ্দিন
মহাপরিচালক
টেলিযোগাযোগ অধিদপ্তর

স্মারক নং:১৪.৩০.০০০০.২১৩.১৮.০০১.২৩.

তারিখ:        ০৫-২০২৪ খ্রি:।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক,বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই ইস্কাটন গার্ডেন,ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা।
৪। ডিজিএম, টিটিসি, তেজগাও, ঢাকা।
৫। অফিস কপি।

মোঃ মফিজউদ্দিন
পরিচালক(প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর

**বিটিসিএল প্রতিনিধিগণের সাথে ডিওটি'র ২৯.০৪.২০২৪ খ্রি:. তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভার হাজিরা বিবরণী**

সভাপতি : মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা

তারিখ : ২৯ এপ্রিল ২০২৪খ্রিঃ।

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

সভার স্থান : মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

| ক্রমিক নং | নাম , পদবী এবং প্রতিষ্ঠান | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | [illegible] (মাসুদুল আলম) | 01550151171 | [illegible] |
| ২ | সুবল চন্দ্র কুন্ডু, স্টা: অ: মহাপরিচালক (প্রশাসন) | 01550151208 | ২৯/৪/২৪ |
| ৩ | অনিন্দ্য কুমার ঘোষ | 01550151194 | 29/4/2024 |
| ৪ | মো: [illegible] উদ্দিন, পরিচালক (প্রশাসন) DOT | 01550151279 | 29/4/24 |
| ৫ | [illegible] ইসলাম, পরিচালক ([illegible]) | 01550155350 | 29/4/24 |
| ৬ | সাঈদ মাহমুদ, সিনিয়র ইঞ্জিনিয়ার (বিল্ডিং) | 01550155033 | 29/04/24 |
| ৭ | মো: আব্দুল [illegible], উপপরিচালক (প্রশাসন) | 01550151600 | ২৯/০৪/২৪ |
| ৮ | মো: আরিফুর রহমান, উপপরিচালক ([illegible]) | 01711101119 | ২৯/০৪/২০২৪ |
| ৯ | মাহফুজ-উল-আলম, ব্যবস্থাপক, বিটিসিএল, ঢাকা। | [illegible] | ২৯/০৪/২০২৪ |

| ক্রমিক নং | নাম , পদবী এবং প্রতিষ্ঠান | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১০ | হেলাল উদ্দিন তালুকদার<br>উপপরিচালক (অর্থ)<br>টেলিযোগাযোগ অধিদপ্তর | 01550151965 | |
| ১১ | মো: আব্দুল ওহাব<br>পরিচালক ([illegible] ৩)<br>টেলি. অধিদপ্তর | 01550151267 | |
| ১২ | | | |
| ১৩ | | | |
| ১৪ | | | |
| ১৫ | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |